

মৃত্যু

সুপ্রিয় ফনী

এক আধটা মৃত্যু খুব বড় কথা নয়
 আবেল এর হাতে কেন্ মরে গিয়েছিল...
 সভ্যতা মাপেনি বহু অপরাধ প্রবণতাময়
 বীরগাথা বলে খ্যাত ‘মহাকাব্য’ গুলো...
 একজন এরাহাম, একটা জেনন আর গাঁথি—
 কতটা মৃত্যুনিয়ে আমরা আবশ্যমান কাঁদি?
 জীবনের গানগুলি পদ্যগাথা - যন্ত্রনাময়—
 স্বল্পমেয়াদী কিছু কথকতা দীর্ঘতর হয়... ।।

আত্মথাপন

আমি এখন নিজের কানাকড়ি
 এখন আমার পদ্য লেখার রাত
 আমার এখন ইচ্ছেশাসন ঘাড়
 এখন আমার কলম চলা হাত
 এখন আমার অনেক গুলো রোগ
 এখন আমার সকল নিরাময়
 আমার এখন বৃহস্পতি যোগ—
 নেতা পুলিশ; যৌথ বরাভয় ।।

আমি এখন একলা একা বীর
 অনুশাসন হেলায় ছুঁড়ে ফেলি
 রাত্রিভর চন্দ্রাহত থেকে—
 সকাল হলে নিয়ম মেনে খেলি ।।
 এখন আমি ইদুঁর কিঞ্চা পাঁচা
 রাত্রি জানে-সংবেদনশীল,
 যে যা বলিস, যা - ইচ্ছে হয় — ট্যাচা
 পরান দা-রে; তোর দুয়ারে খিল !

গাহস্থ্য

রোজ তোর সঙ্গে খেলতে গিয়ে - হেরো
 দূর তুই আমার উঠোন থেকে বেরো ।

তোর বিনিসুতোর গাঁথা মালা বেচে
 ঘোর পদ্য আর মদ্যজল ছেঁচে
 দ্রুত হাড়িয়ে যাবো; ভীড়ের পথচারী ।

তবু পা ফেরাবো, যদি বলিস — ফেরো!
 তোর জিততে পারা দিনগুলোর শেষে
 রাতে তুমুল হাতে ভাঙবো অবরোধ
 হেরে দেখাবো তোকে - আমিই চিঞ্চারি ।।